

শীর্ষ ফলাফল এবারও মাদ্রাসা শিক্ষা বোর্ডের পাসের হার ৯১.৪৬%

□ স্টাফ রিপোর্টার

মাদ্রাসার শিক্ষা আলিম, এইচএসসি ও করিগরি পরীক্ষার পড়কাল ৭ ঘণ্টাখিত ফলাফলে মাদ্রাসা শিক্ষা বোর্ড শীর্ষ স্থান দখলেই রেখেছে। ৯১.৪৬% পাসের হার অর্জনের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা বোর্ড ১০টি শিক্ষা বোর্ডের মধ্যে শীর্ষ স্থান দখলে রাখলো। ২০১২ সালের পরীক্ষায় মাদ্রাসা শিক্ষা বোর্ড ৯১.৭৭% পাসের হার অর্জনের মাধ্যমে সকল শিক্ষা বোর্ডের মধ্যে শীর্ষ স্থান দখল করে।

শীর্ষ ফলাফল এবারও ১৩-এর পৃষ্ঠার পর

বোর্ডের মধ্যে শীর্ষ স্থানে ছিল। পড়কাল ঘণ্টাখিত পরীক্ষার ফলাফলে দেশের সবক'টি শিক্ষা বোর্ডের গড় পাসের হার ৭৪.৩০। এদিক থেকে মাদ্রাসা বোর্ডের পাসের হার ১৭.১৬% বেশি অর্থাৎ গড় বহরের গড় পাসের হারের চেয়ে ১.৮৯% বেশি। আলিম পরীক্ষার হার-ছাত্রীদের ৯১.৪৬% পাসের হারের মধ্যে ছাত্রদের পাসের হার ৯২.২০% আর ছাত্রীদের পাসের হার ৯০.৪৪%। পরীক্ষার ফলাফলে ডিপিএ-৫ প্রায় ছাত্রীর সংখ্যা ৬০০৯ জন। অন্যথায় ছাত্র ৪,২১২ এবং ছাত্রী ১৭৯৭ জন। এ হিসেবে মাদ্রাসা বোর্ডের পাসের হার এবং ডিপিএ-৫ প্রাপ্তির দিক থেকে ছেলেরা মেয়েদের চেয়ে এগিয়ে রয়েছে।

উল্লেখ্য, ২০০৬ সাল থেকে মাদ্রাসা শিক্ষা বোর্ড আলিম পরীক্ষার ফলাফলে শীর্ষ স্থানটি দখলে নিয়ে এবারও দখলেই রেখেছে। গত আলিম পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ৮৭ হাজার ৪৭৪। অন্যথায় ছাত্র ৫০ হাজার ৫০৫ এবং ছাত্রী ৩৬ হাজার ৯৬৯ জন। এবারের পরীক্ষায় সাধারণ বিভাগে পাসের হার ৯১.৩০, বিজ্ঞান বিভাগের পাসের হার ৯০.৪২, মুন্সিফিবি বিভাগের পাসের হার ৭৬.৬৯ এবং মুন্সিফিবি আংশিক-এর পাসের হার ১০০%।

আলিম পরীক্ষার ফলাফলে মাদ্রাসা বোর্ড শীর্ষ স্থান দখলে রাখার মাদ্রাসা শিক্ষকদের একক সংগঠন বাংলাদেশ অমিয়াতুল বোদায়েহীদের সভাপতি আলহাজ্ব এ এম এম বাহুউদ্দীন ও মহাসচিব আলহাজ্ব মও. শাকির আহমদ বোমতাজী আশ্রাহুর দরবারে তকরিয়া আদায় করে মাদ্রাসা শিক্ষা বোর্ডকে অভিনন্দন জানিয়েছেন। তারা প্রত্যাশা করেন পাবলিক পরীক্ষার ফলাফলে আগামীতেও মাদ্রাসা শিক্ষা বোর্ড অগ্রাধিকার এ ধারা অব্যাহত রাখবে।